

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, নেত্রকোণা
ও

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

রিটার্নিং অফিসারের কার্যালয়
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন

নম্বর-০৫.৪৫.৭২০০.০০৫.৪০.০০১.২৫-৭০৭

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২
১১ ডিসেম্বর ২০২৫

গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি মোঃ সাইফুর রহমান, জেলা প্রশাসক, নেত্রকোণা ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১১ ডিসেম্বর ২০২৫ / ২৬ অগ্রহায়ণ ১৪৩২ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৭ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনী এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনী এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:

রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৪ পৌষ ১৪৩২ ২৯ ডিসেম্বর ২০২৫	সোমবার
রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৫-২০ পৌষ ১৪৩২ ৩০ ডিসেম্বর ২০২৫ - ০৪ জানুয়ারি ২০২৬	মঙ্গলবার-রবিবার
মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের তারিখ	:	২১-২৭ পৌষ ১৪৩২ ০৫-১১ জানুয়ারি ২০২৬	সোমবার-রবিবার
আপিল নিষ্পত্তির তারিখ	:	২৮ পৌষ - ০৪ মাঘ ১৪৩২ ১২-১৮ জানুয়ারি ২০২৬	সোমবার-রবিবার
প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০৬ মাঘ ১৪৩২ ২০ জানুয়ারি ২০২৬	মঙ্গলবার
প্রতীক বরাদ্দের তারিখ	:	০৭ মাঘ ১৪৩২ ২১ জানুয়ারি ২০২৬	বুধবার
ভোটগ্রহণের তারিখ	:	২৯ মাঘ ১৪৩২ ১২ ফেব্রুয়ারি ২০২৬	বৃহস্পতিবার

আগামী ২৯ মাঘ ১৪৩২/ ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ, বৃহস্পতিবার, সকাল ৭.৩০ ঘটিকা হইতে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাঞ্চে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ১৬০ নেত্রকোণা-৪ (মোহনগঞ্জ, মদন ও খালিয়াজুরী) নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ২৯ ডিসেম্বর ২০২৫ / ১৪ পৌষ ১৪৩২ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯টা হতে বিকাল ০৫টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোহনগঞ্জ/মদন/খালিয়াজুরী) মনোনয়নপত্র গৃহীত হবে।

তারিখ: ১ ১ দিন ১ ২ মাস ২ ০ ২ ৫ বৎসর

(মোঃ সাইফুর রহমান)
জেলা প্রশাসক, নেত্রকোণা

ও
রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
১৬০ নেত্রকোণা-৪ (মোহনগঞ্জ, মদন ও খালিয়াজুরী)